



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৫.৮৩.০০৩.১৭.৭০

তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রি.

বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত EIIN/প্রতিষ্ঠান ভিত্তিক অফিসিয়াল মোবাইল সিম সংগ্রহ প্রসঙ্গে।

সূত্র: গ্রামীণফোনের সাথে ২১ মার্চ, ২০২১ খ্রি. তারিখে স্বাক্ষরিত চুক্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানগণ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ বিভিন্ন সংস্থার (যেমন- কারিগরি শিক্ষা অধিদপ্তর, বিভিন্ন শিক্ষা বোর্ড, ব্যানবেইস ইত্যাদি) সাথে জরুরী যোগাযোগ সহজীকরণ ও বিভিন্ন অনলাইন সেবা দ্রুত ও সাশ্রয়ী করার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের EIIN এর ৬ ডিজিট ব্যবহার করে বিনামূল্যে অফিসিয়াল মোবাইল সিম সরবরাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এছাড়া যে সকল প্রতিষ্ঠানের EIIN নম্বর নেই তাদেরকেও প্রতিষ্ঠান ভিত্তিক নতুন একটি সিম প্রদান করা হবে। বর্তমানে করোনা ভাইরাস জনিত উদ্ভূত পরিস্থিতির কারণে মোবাইল সিমটি গ্রামীণফোনের প্রতিনিধির সহযোগিতায় প্রতিষ্ঠানের ঠিকানায় সরাসরি পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এ সংক্রান্ত করণীয় ও সিম ব্যবহারের উল্লেখযোগ্য কিছু নির্দেশনা নিম্নে উল্লেখ করা হল।

১. সিমটি স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অথবা অনুমোদিত প্রতিনিধির মাধ্যমে সংগ্রহ করতে হবে।
২. EIIN ভিত্তিক মোবাইল নম্বরটির নমুনা ০১৩০৯ ×××××× (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN) এবং প্রতিষ্ঠান ভিত্তিক মোবাইল নম্বরটির নমুনা ০১৩২২ ×××××× যার সাহায্যে খুব সহজে ও সাশ্রয়ী রেটে সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করা যাবে।
৩. সিমটি সংগ্রহের পর গ্রামীণফোন প্রতিনিধির উপস্থিতিতে উক্ত সিমটি মোবাইল সেটে সংযুক্ত করতে হবে যাতে কোনো প্রকার সমস্যা দেখা দিলে তা তাৎক্ষণিক সমাধান দেয়া যেতে পারে।
৪. শুরুতেই সিম গ্রহণ করার সময় ৩০০ (তিনশত) টাকার বিভিন্ন সুবিধাসহ একটি বাউন্ডেল অফার থাকবে যা সকলকেই সংগ্রহ করতে হবে এবং প্রতিষ্ঠান প্রধানের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও বাউন্ডেল অফারসহ সিমবাবদ ৩০০ (তিনশত) টাকা মানি রিসিপ্ট সংগ্রহপূর্বক গ্রামীণফোন প্রতিনিধির নিকট প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
৫. বোর্ডের সকল ধরনের যোগাযোগ যেমন- প্রতিষ্ঠানের পাসওয়ার্ড বা যেকোনো ধরনের টেক্সট, অডিও বা ভিডিও মেসেজ, পরীক্ষার সময় জরুরী যোগাযোগ এ সিমের মাধ্যমে করা হবে বিধায় সব সময় সিমটি সচল রাখতে হবে।
৬. প্রদত্ত সিমটি কোনোভাবেই হস্তান্তর করা যাবে না, শিক্ষা বোর্ডের যেকোনো প্যানেলে কাজ করতে হলে এ সিমযুক্ত মোবাইলে (OTP- One Time Password) পাসওয়ার্ড প্রদান করা হবে যা ব্যবহার করে রেজিস্ট্রেশন, ফরম-ফিলাপ, বিভিন্ন ধরনের নম্বর প্রদান, শিক্ষকদের তথ্য প্রদান, পরীক্ষার বিভিন্ন তথ্য প্রদান ইত্যাদি কাজ করতে হবে।

৭. অতিশিঘ্রই বোর্ডের অনলাইন প্যানেলের সাথে এই সিম যুক্ত হবে বিধায় সিমটি পাওয়ার পরপরই তা সচল করতে হবে।
৮. বিভিন্ন সময় জরুরি মেসেজ দেয়া হবে বিধায় সবসময়ই মেসেজ চেক করতে হবে।

প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে এ কাজে সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে শুধুমাত্র প্রতিষ্ঠান প্রধান ও তাঁর লিখিত প্রাধিকার প্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাউকে সিম প্রদান করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে


০৩.৬.২০২১
(ড. মো: জাহেদুল হাসান)
সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৫৫০০৬৫২২

প্রাপক: অধ্যক্ষ/সুপার/পরিচালক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আওতাধীন সকল প্রতিষ্ঠান।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৫.৮৩.০০৩.১৭.৭০

তারিখ: ০৩ জুন, ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
২. জেলা প্রশাসক, সকল।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৪. চীফ এক্সিকিউটিভ অফিসার, গ্রামীণফোন লিমিটেড, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সংশ্লিষ্ট নথি।


৩/৬/২০২১
(মোহাম্মদ সামসুল আলম)

সিস্টেম এনালিস্ট
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।